ক-বাবুর যত কথা

boobook

boobook
boobook

বের্টোল্ট ব্রেখট

ক-বাবুর যত কথা

(অ্যানেকডোটস অফ হের ক্যয়নার)

ছবি : সোমশঙ্কর রায়

ভাষান্তর : সন্দীপন ভট্টাচার্য

boobook

boobook

প্রকাশক এবং স্বত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশেরই কোনোরূপ পুনরুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। এই শর্ত লঙ্ঘিত হলে উপযুক্ত আইনি ব্যবস্থা গ্রহণ করা যাবে।

এই গ্রন্থে ব্যবহৃত সকল ইমেজ ব্যবহারের অনুমতি নিয়মতান্ত্রিকভাবে নেয়া সম্ভব হয়নি। যদি ব্যবহৃত কোনো ইমেজের স্বত্বাধিকারী আপত্তি উত্থাপন করেন তবে পরবর্তী মুদ্রণ বা সংস্করণে সেই ইমেজ বাদ দেওয়া হবে।

কথামালাভিত্তিক গ্রন্থ বলে, অনুবাদকের নিজস্ব বানানরুচিকে অক্ষুণ্ন মানা হয়েছে। বিধায়, সব ক্ষেত্রে 'বাংলা একাডেমি' বানানবিধি অনুসরণ করা যায়নি। এ-নিয়ে পাঠকের যেকোনো অস্বস্তির প্রতি আমরা অনুভূতিশীল।

ko-babur joto kotha translation of bertolt brecht's stories of mr. keuner by sandipan bhattacharya published by boobook, july 2020, dhaka, bangladesh.

* প্রচ্ছদে ব্যবহৃত ইমেজটি হাঙেরিয়ান গ্রাফিক আর্টিস্ট রোস্তকা-র ডিজাইনকৃত বের্টোল্ট ব্রেখটের নাটকের পোস্টার হতে গৃহীত

ISBN 978-984-93730-9-4

পাঠকের মূল্য: ৳ ১৮০ । ₹ ১৮০ (সুলভ)

৳ ২৩০ । ₹ ২৩০ (শোভন)

* বুবুক বইটির ইমপ্রিন্ট স্বত্ব প্রকাশনা প্রতিষ্ঠান বইপত্তর হতে প্রাপ্ত হয়েছে

গ্রন্থস্বত্ব

ভাষান্তর © সন্দীপন ভট্টাচার্য
বই কপিরাইট © বুবুক

প্রথম মনফকিরা প্রকাশ • মনফকিরা ২০১৫
প্রথম বইপত্তর সংস্করণ • অক্টোবর ২০১৯
প্রথম বুবুক প্রকাশ • জুলাই ২০২০

পরিবেশক • বুবুক
পশ্চিমবঙ্গ পরিবেশক • মনফকিরা

মুদ্রণ ও বাঁধাই • বাংলাদেশে তৈরি

প্রচ্ছদ ও অলংকরণ
noktaforge

boobook

বাড়ি ২৪৬/এ, সড়ক ১০এ, পশ্চিম ধানমন্ডি,
ঢাকা ১২০৯, বাংলাদেশ

+৮৮০ ১৯১৯২৭৬৪৫৮,
+৮৮০ ১৮৪৭ ২২৭৭৭৭

dak@boobook.co
www.boobook.co

সূচি

অ্যানেকডোটস
বিদ্যা দদাতি ৯ • সংগঠন ১০ • ক্ষমতার প্রতিষেধ ১১ • জ্ঞানের বাহক সম্পর্কে ১৩ • কর্মপরায়ণতার পরাকাষ্ঠা ১৪ • উদ্যোগ ১৫ • নষ্ট না-করার শিল্পকৌশল ১৬ • জাতির জন্য প্রেম, জাতীয়তাবাদের প্রাপ্য ঘৃণা ১৭ • খারাপটাও শস্তা নয় তা বলে ১৮ • উপবাস ১৯ • প্রস্তাব, বিকল্প প্রস্তাব ২০ • মৌলিকত্ব ২১ • দুর্বলতার অধিকার ২২ • বিশ্বাসযোগ্য প্রশ্ন ২৩ • ফের দেখা হতে ২৪ • প্রশ্ন: ঈশ্বর কি আছেন? ২৯ • আহা! বেচারা ছেলেটা ৩০ • প্রকৃতি সম্পর্কে ক-বাবু ৩১ • বিশ্বস্ত ক-বাবু ৩২ • নির্বোধের নির্বাচন বিষয়ে ৩৩ • সংলাপ ৩৬ • আতিথ্য ৩৭ • ‘তন্মুহূর্তের জন্য বাঁচা’র তত্ত্ব ঝেড়ে ফেলে ৩৮ • বর্বর আধুনিক ৩৯ • বেড়ে উত্তর ৪০• প্রশংসা ৪১ • দুই শহর ৪২ • ক-বাবুর যুক্তিপ্রকৃতি ৪৩ • সক্রেটিস ৪৪ • গড়ন ও বস্তুসার ৪৯ • ভালোবাসলে ক-বাবু ৫০ • সাফল্য ৫১ • বিড়াল ৫২ • রাষ্ট্রদূত ৫৩ • প্রতীক্ষা ৫৫ • অপমানেও সহনশীল ৫৬ • গাড়ি চালাচ্ছেন ক-বাবু ৫৭ • ক-বাবু ও কবিতা ৫৮ • কোষ্ঠী ৫৯ • ভুল বোঝা ৬০ • দুই চালক ৬১ • বিবেচনাবোধ ৬২ • বন্ধুভাব নিয়ে ৬৩ • ক-বাবু ও তাঁর ভাইঝির আঁকা ছবি ৬৪ • ক-বাবুর প্রিয় জন্তু ৬৯ • বন্ধুকৃত্য ৭০ • অচেনা বাড়িতে ক-বাবু ৭১ • চিন্তার জনক ৭২ • দুর্নীতিযোগ্যতা বিষয়ে ৭৩ • ভুল এবং প্রগতি ৭৪ • মনুষ্য-স্বভাবের জ্ঞান ৭৫ • ক-বাবু ও

boobook

হড়পা বান ৭৬ • ক-বাবু ও অভিনেত্রী ৭৭ • বেইমানি প্রসঙ্গে ৭৮ • ক-বাবু ও খবরের কাগজ ৭৯ • ধারাভাষ্য ৮১ • স্বার্থের সন্তুষ্টি ৮২ • দুই খেসারত ৮৩ • বিচারের প্রহসন ৮৯ • সম্পত্তির সহজাত প্রবৃত্তি ৯০ • হাঙররা যদি মানুষ হতো ৯১ • অপরিহার্য এক অফিসার ৯৪ • ভালো থাকার লক্ষণ ৯৫ • সত্য বিষয়ে ৯৬ • কার প্রতি ভালোবাসা? ৯৭ • কে কাকে জানে? ৯৮ • সেরা স্টাইল ১০০ • ক-বাবু এবং ডাক্তার ১০১ • আলাদার চেয়ে একরকমই ভালো ১০২ • চিন্তাশীল ক-বাবু এবং ভুল ছাত্র ১০৩ • নির্দিষ্ট ভঙ্গি থাকা সম্পর্কে ১০৪ • ক-বাবু কী-কী-র বিরুদ্ধে ১০৯ • ঝড় প্রতিরোধ করা নিয়ে ১১০ • ক-বাবুর অসুস্থতা ১১১ • দুর্নীতির অযোগ্য ১১২ • গ্লানির ব্যাপার ১১৩ • অনুভবের ভূমিকা ১১৪ • তরুণ ক-বাবু ১১৫ • অপব্যয় ১১৬ • ভৃত্য বা প্রভু ১১৭ • অভিজাত ভঙ্গি ১১৮ • বড় শহরের বিকাশ প্রসঙ্গে ১১৯ • ব্যবস্থা নিয়ে ১২০ • স্থাপত্য ১২১ • পার্টি এবং যন্ত্র ১২২ • ক্রোধ ও উপদেশ ১২৩ • ক-বাবু এবং ব্যায়ামচর্চা ১২৪

boobook

ছবির সূচি

সংগঠন ২৫ • কর্মপরায়ণতার পরাকাষ্ঠা ২৬ • উদ্যোগ ২৭ • উপবাস ২৮ • প্রশ্ন: ঈশ্বর কি আছেন? ৪৫ • আহা! বেচারা ছেলেটা ৪৬ • প্রকৃতি সম্পর্কে ক-বাবু ৪৭ • বিশ্বস্ত ক-বাবু ৪৮ • গড়ন ও বস্তুসার ৬৫ • ভালোবাসলে ক-বাবু ৬৬ • সাফল্য ৬৭ • বিড়াল ৬৮ • ক-বাবুর প্রিয় জন্তু ৮৫ • বন্ধুকৃত্য ৮৬ • অচেনা বাড়িতে ক-বাবু ৮৭ • চিন্তার জনক ৮৮ • বিচারের প্রহসন ১০৫ • সম্পত্তির সহজাত প্রবৃত্তি ১০৬ • হাঙররা যদি মানুষ হতো ১০৭ • অপরিহার্য এক অফিসার ১০৮

ব্রেখট ও ক-বাবু

বের্টোল্ট ব্রেখট ক-বাবুর (আদতে হের ক্যয়নার বা হের কে) এই সমস্ত 'কথা' (অ্যানেকডোট) লিখেছিলেন দীর্ঘ সময় ধরে, গত শতকের বিশ থেকে পাঁচের দশক জুড়ে, বিপ্লব ও বিশ্বযুদ্ধের উত্তাল আবহে। টুকরো-টুকরো এই সব কথা সে সময়ে নানান পত্রিকা ও সংকলনে প্রকাশিতও হয়।

ক-বাবুর এ সমস্ত কথার আয়তন খুব বেশি নয়, কখনও তা দু-এক লাইন কখনও দু-এক অনুচ্ছেদেই শেষ। এ সবের মধ্যে কাহিনির আভাস থাকলেও বোঝা যায় যে লেখকের মূল লক্ষ্য কাহিনি বা আখ্যানের বর্ণনা নয়, বরং কোন ঘটনা বা আচরণ বা পরিস্থিতির চকিত ব্যাখ্যা বা বিশ্লেষণ। কখনও তার রূপ সংক্ষিপ্ত মন্তব্যের, কখনও আর-একটু বিস্তৃত ভাষ্যের। সেদিক থেকে এ সবের ধরন প্রাচীন প্যারাবল বা নীতিসূত্রের মতো, কিংবা সংক্ষিপ্ত উপাখ্যান বা অ্যানেকডোটের মতো। গদ্যের আকারে লেখা এই সব কথার মধ্যে দেখা যায় এমনকি একটি কবিতাও রয়েছে।

এর অধিকাংশেই কোন বিশেষ ঘটনা বা আচরণ বা বিষয়ের প্রেক্ষিতে ক-বাবু তাঁর নিজের বক্তব্য পেশ করেছেন। ক্ষুরধার সে বক্তব্য, অতিরিক্ত একটা কথাও সেখানে নেই, এবং প্রায়ই তা প্রচল ধারণার বিপরীত মত ও পথের সন্ধানী। সঙ্গত অনুমান যে, ক-বাবুর বক্তব্য আসলে স্বয়ং লেখকেরই, ক-বাবু আসলে তিনি নিজেই।

boombook

কিন্তু এই ক-বাবু লোকটি ঠিক কেমন? ব্রেখট জানিয়েছেন, তিনি 'চিন্তাশীল লোক'। ক-বাবু চিন্তা করেন, ফলে নিশ্চিতভাবেই তিনি বুদ্ধিবাদী, কিন্তু একই সঙ্গে তিনি বাস্তববাদীও। প্রতিদিনের বিষয়আশয় নিয়েই তাঁর যত কথা। এর একটা বড় অংশ জুড়ে আছে সমকালের রাজনীতি। আবার, জার্মানে ক্যয়নার মানে 'নির্বিশেষ' লোক বা সাধারণ লোক, ব্রেখট কথা বলেন সেই সার্বজনিক সুরে। রাজনীতি থেকে ঈশ্বর, প্রেম থেকে সত্যের স্বরূপ—সবই তাঁর আলোচ্য। ফলে দেশ-কালের গণ্ডিতে তা আটকে থাকে না। আর সে কারণেই এ সমস্ত কথা আজও সমান প্রাসঙ্গিক, হয়তো বা একটু বেশিই প্রাসঙ্গিক।

এই শতকের গোড়ায় এর সবগুলি একত্র করে মার্টিন চামার্স-এর অনুবাদে প্রকাশিত হওয়ার আগেও বিচ্ছিন্ন ভাবে এর অনুবাদ হয়েছে। তার থেকে 'ক-বাবুর ঊনচল্লিশ কথা' নামে 'নির্বাচিত ব্রেখট' সংকলনে (দীপায়ন, ১৯৯৭) ও পরে আলাদা বই হিসেবে (মনফকিরা, ২০১৫) এই সব টুকরো কথা বাংলা অনুবাদে সংকলিত হয়। দুটি বই-ই এখন আর সুলভ নয়। এই সুযোগে আরও প্রায় ছেচল্লিশটি 'কথা' যোগ করে, অর্থাৎ মোট পঁচাশিটি কথা নিয়ে এই বই—'ক-বাবুর যত কথা'।

ক-বাবুর এই সব কথা পড়ে ছবি এঁকেছেন সোমশঙ্কর। ইলাস্ট্রেট করার দায় তাঁর ছিল না। সূত্রটুকু তিনি নিয়েছেন কোন একটি 'কথা' থেকে, তার পরের কাজটুকু করেছেন স্বাধীন বিবেচনায়। আমরাও পাঠককে সেই পথ অনুসরণ করতে বলব, বলব ছবিকেও আলাদাভাবে পড়তে।

বস্তুত এই বইয়ের এই পর্যন্ত আমাদের, বাকি সব পাঠকের।

কৃতজ্ঞতা : সিটি লাইটস, কমপ্লিট রিভিউ, সোশ্যালিস্ট স্টোরিজ।

Boobook

বিদ্যা দদাতি

দর্শনের এক অধ্যাপক একবার ক-বাবুর সঙ্গে দেখা করে তাঁর জ্ঞানগম্যি জাহির করতে শুরু করেন। তার খানিকটা শুনে ক-বাবু তাঁকে বাধা দিয়ে বলেন, “দেখুন মশাই, আপনি অসভ্যের মতো বসেছেন, অসভ্যের মতো কথা বলছেন, আর প্রায় বর্বরের মতোই আপনার ভাবনাচিন্তা।” অধ্যাপক তো রেগে আগুন, বললেন, “নিজের ব্যাপারে আলোচনা করতে আসিনি আমি, কথা আমি কী বলছি না-বলছি, সেটাই আসল ব্যাপার।” “কোনো আসল ব্যাপার নয়,” ক-বাবু বলেন, “স্পষ্টতই দেখতে পাচ্ছি এলোমেলো আপনার হাঁটার ধরন, আর যতই দেখছি, বুঝতে পারছি আপনার পক্ষে কোথাও পৌঁছনো সম্ভব নয়। আগাগোড়া ভুল বকছেন, কোনো কিছুই তার থেকে স্পষ্ট হচ্ছে না। ঢের হয়েছে, মশাই। আপনার লক্ষ্য বিষয়ে তাই আমার অন্তত কোনো কৌতূহল নেই।”

boiboook

সংগঠন

ক-বাবু একদা বলেছিলেন : “চিন্তাশীল ব্যক্তি খুব বেশি আলোর ব্যবহার করেন না, খুব বেশি রুটিরও নয়, আর একই ভাবনা বার-বার ঘুরিয়ে–ফিরিয়ে তো কখনোই নয়।”

boobook

জ্ঞানের বাহক সম্পর্কে

“জ্ঞান যে বহন করবে সে কখনও লড়াই করবে না, সত্যি কথাও বলতে যাবে না কখনও, কোনো কাজ করবে না, তা বলে খাবে না তা নয়, কোনো সম্মান নিতে অস্বীকার করবে না, আবার কারও দৃষ্টি আকর্ষণও করবে না। জ্ঞান যে বহন করবে তার কেবল একটাই ধর্ম যে, সে জ্ঞান বহন করবে,” বললেন ক-বাবু।

boobook

উপবাস

নিজের দেশ সম্পর্কে বলতে গিয়ে ক-বাবু বলেছিলেন, “সর্বত্রই তো আমার খিদে পাবে। তাই না?” একটু আক্ষরিক অর্থে বুঝে একজন তাঁকে ফিরতি প্রশ্ন করে যে কী করে তিনি খিদের কথা বলছেন, তাঁর তো আর সংস্থানের অভাব নেই। ক-বাবু তখন তাঁর নিজের কথার সমর্থনে ব্যাখ্যা দিলেন : “সম্ভবত আমি বলতে চেয়েছিলাম যে ক্ষুধার অস্তিত্ব আছে, এরকম কোনো জায়গায় হলে পৃথিবীর যে-কোনো জায়গাতেই আমি থাকতে পারি। স্বীকার করছি, আমি নিজে ক্ষুধার্ত আর ক্ষুধার অস্তিত্ব আছে, এমন কোনো জায়গায় আমার অবস্থান—এ দুয়ের মধ্যে বিস্তর ফারাক। তবু নিজের পক্ষে অন্তত এটুকু বলতে পারি যে ক্ষুধার অস্তিত্ব আছে এমন কোনো জায়গায় বসবাস, নিজে ক্ষুধার্ত থাকার মতো ততটা খারাপ না-হলেও যথেষ্ট খারাপ। আমি ক্ষুধার্ত রইলাম কি রইলাম না, সেটা অন্যের কাছে তত বড় কথা নয়, বড় কথা সর্বত্রই আমি ক্ষুধার বিরুদ্ধে কি না।”

boighar

boobook



boobook